

৪১-এ আমার বাংলাদেশ

প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ৭ ই ডিসেম্বর এর মধ্যে
৫-১০ পৃষ্ঠার একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরি করে
স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন হাবে জমা দিয়ে
৫ জন শ্রেষ্ঠ বিজয়ীর একজন হয়ে জিতে নিন একটি করে ল্যাপটপ



স্মারক নং- ৫৬.৪২.০০০০.৮০৬.২.০১৪.১৮-

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৫
২৭ নভেম্বর ২০১৮

বিষয়: ‘ডিজিটাল বাংলাদেশ দিবস – ২০১৮’ উপলক্ষ্যে আয়োজিত “২০৪১ এর বাংলাদেশ – আমার স্বপ্ন” শীর্ষক প্রতিযোগিতা সম্পর্কে অবহিতকরণ ও অংশগ্রহণ প্রসংগে।

২০০৮ সালের ১২ ডিসেম্বর বর্তমান সরকার কর্তৃক ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের ঘোষণা প্রদান করা হয়। ঘোষণা অনুযায়ী বর্তমান সরকার বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করেছে এবং আগামী ২০৪১ সালে বাংলাদেশকে একটি উন্নত শক্তিশালী সমৃদ্ধ রাষ্ট্র হিসাবে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৮ তারিখে দেশব্যাপী ‘ডিজিটাল বাংলাদেশ দিবস – ২০১৮’ উৎসবের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এরই অংশ হিসাবে এটুআই ইনোভেশন (iLab) ল্যাব এর সহযোগিতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষ থেকে দেশের সকল বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের অংশগ্রহণে আগামী ১২ ডিসেম্বর থেকে মাসব্যাপী “২০৪১ এর বাংলাদেশ – আমার স্বপ্ন” শীর্ষক প্রতিযোগিতা আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার বিশ্ববিদ্যালয় হতে ৫-১০ টি স্লাইডের শ্রেষ্ঠ ০২ (দুই) টি **Presentation** আগামী ০৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে এটুআই ইনোভেশন ল্যাবের পোর্টালে উপস্থাপন করা প্রয়োজন।

বিশ্ববিদ্যালয়সমূহ এটুআই ইনোভেশন ল্যাব (iLab) এর অনলাইন পোর্টাল (www.ilab.gov.bd) এর মাধ্যমে Login করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৩। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়সমূহের সকল শিক্ষার্থীর কাছ থেকে প্রাপ্ত “২০৪১ এর বাংলাদেশ – আমার স্বপ্ন” শীর্ষক প্রতিযোগিতার ৫-১০ টি স্লাইডের শ্রেষ্ঠ ০২ (দুই) টি **Presentation** আগামী ০৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে iLab পোর্টালের মাধ্যমে Login করে নিজ নিজ প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মো: মোস্তাফিজুর রহমান পিএএ
অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক
এটুআই প্রোগ্রাম।

mdmustafiz@a2i.gov.bd

এ সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে – ঈশ্বিতা হুমায়রা মোবাইল# ০১৭৪১-৩১৭১২৪ Email- ipsita.urp@gmail.com এবং জনাব ফারুক আহমেদ জুয়েল মোবাইল# ০১৯১১৩১১৬৩৬ Email- fajewel@gmail.com এর সহিত যোগাযোগ করা যেতে পারে।